গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

শিম/শাঃ১১/৮-৫৯(ভর্তি নীতিমালা)/২০১১/৫৭৮

তারিখ ঃ ৩০ অগ্রহায়ণ ১৪১৮
১৪ ডিসেম্বর ২০১১

বিষয় ঃ নিম্নমাধ্যমিক/মাধ্যমিক/মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা-২০১১।

দেশে শিক্ষার্থীর সংখ্যা প্রতি বছর বাড়ছে। সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা অপ্রতুল থাকায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির চাপ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। নিম্নমাধ্যমিক/মাধ্যমিক/মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির সুনির্দিষ্ট কোন দিক নির্দেশনা না থাকায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান বিভিন্নভাবে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম পরিচালনা করছে। এতে নানা ধরণের সমস্যা ও বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায়, দেশের চাহিদার নিরিখে ভর্তির কার্যক্রম অধিকতর স্বচ্ছ ও যুগোপযোগী করার প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় সরকার কর্তৃক নিম্নমাধ্যমিক/মাধ্যমিক/মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে অনুসরণীয় নিম্ন বর্ণিত নীতিমালা প্রণয়ন করা হলোঃ

**যে সকল শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা যাবে :** সংশ্লিষ্ট বিদ্যালয়ের এন্ট্রি শ্রেণিতে এবং আসন শূন্য থাকা সাপেক্ষে সাধারণভাবে নবম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে।

২. **শিক্ষার্থীর বয়স :** ১ম শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স শিক্ষাবর্ষের ১ জানুয়ারি থেকে ৫-৭ বয়সের মধ্যে হতে হবে। শিক্ষার্থীর বয়স নির্ধারণের জন্য ভর্তির আবেদন ফরমের সাথে জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি জমা দিতে হবে।

৩. **শিক্ষাবর্ষ :** শিক্ষাবর্ষ হবে ০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত।

৪. **ভর্তি পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ :** শিক্ষাবর্ষ শুরুর পূর্বে কমিটি যুক্তিসংগত সময়ের মধ্যে পরিচালনা কমিটির সভা আহ্বান করে ভর্তি পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ করবে।

৫. **ভর্তির কার্যক্রম পরিচালনা :** প্রত্যক শিক্ষা প্রতিষ্ঠান স্ব স্ব ব্যবস্থাপনায় ভর্তির কার্যক্রম পরিচালনা করবে। ভর্তির কার্যক্রম সুষ্ঠু এবং স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে। ভর্তির কার্যক্রম পরিচালনার জন্য স্কুল কর্তৃপক্ষ এক বা একাধিক কমিটি গঠন করতে পারবে।

৬. **ভর্তি পরীক্ষার পদ্ধতি :**

(ক) ১ম শ্রেণিতে ভর্তির জন্য আবশ্যিকভাবে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করতে হবে। ভর্তি কমিটির সদস্যের উপস্থিতিতে লটারির কার্যক্রম সম্পন্ন করতে হবে। লটারি কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীর পাশাপাশি অপেক্ষমান তালিকা প্রস্তুত রাখতে হবে। নির্ধারিত তারিখে নির্বাচিত শিক্ষার্থী ভর্তি না হলে অপেক্ষমান তালিকা থেকে পর্যায়ক্রমে ভর্তির ব্যবস্থা করতে হবে।

(খ) ২য়-৯ম শ্রেণি পর্যন্ত লিখিত পরীক্ষার মাধ্যমে মেধাক্রম অনুসারে ভর্তির জন্য শিক্ষার্থী বাছাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(গ) ভর্তি পরীক্ষার সময় ও মান বন্টন ঃ ভর্তি পরীক্ষার সময় হবে ২ (দুই) ঘন্টা। ২য়-৯ম শ্রেণি পর্যন্ত পূর্ণমান-১০০; তন্মধ্যে বাংলা-৩০, ইংরেজি-৩০ ও গণিতে-৪০ নম্বর থাকবে।

(ঘ) বিদ্যালয়সমূহের প্রধানগণ নিজ নিজ বিদ্যালয়ে ভর্তি বিজ্ঞপ্তি প্রচার করবে। এ ছাড়া ভর্তি কমিটি জাতীয়/স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার/ওয়েবসাইটে প্রকাশের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা নিবে।

৭. **ভর্তির আবেদন ফরম :**

(ক) ভর্তির আবেদন ফরম বিদ্যালয় অফিস, জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং বিদ্যালয়ের ওয়েবসাইট (যদি থাকে) থেকে ডাউনলোড করা যাবে।

(খ) ভর্তির আবেদন ফরম বিতরণ ও জমার জন্য বিজ্ঞপ্তিতে সুস্পষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকতে হবে। তবে আবেদন ফরম বিতরণের জন্য ন্যূনতম ৭ (সাত) কার্যদিবস সময় দিতে হবে।

(গ) আবেদন ফরমের নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর ২ কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

(ঘ) আবেদন ফরম জমা দেয়ার সময় ফরমের নিচের অংশ রোল নম্বর দিয়ে প্রবেশপত্র হিসেবে শিক্ষার্থীকে দেওয়া হবে এবং উপরের অংশ কমপক্ষে এক বছর বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে।

৮. **শূন্য আসন নিরূপণ :** বার্ষিক পরীক্ষার ফল প্রকাশের পরপরই প্রধান শিক্ষক/শিক্ষিকাগণ বিদ্যালয়সমূহের বিভিন্ন শ্রেণির শূন্য আসনের চূড়ান্ত সংখ্যা নির্ধারণ করবেন এবং নির্ধারিত ছক পূরণপূর্বক ভর্তি কমিটি বরাবরে প্রেরণ করবেন।

৯. **ভর্তির আবেদন ফরমের মূল্য ও ভর্তি ফি :** ভর্তির আবেদন ফরমের জন্য সর্বোচ্চ ১০০/- (একশত) টাকা গ্রহণ করা যাবে। সেশন চার্জসহ ভর্তি ফি সর্ব সাকুল্যে মফস্বল এলাকায় ৫০০/- (পাঁচশত)/পৌর(উপজেলা) এলাকায় ১০০০/- (এক হাজার)/পৌর (জেলা সদর) এলাকায় ২০০০/- (দুই হাজার)/ঢাকা ব্যতিত অন্যান্য মেট্রোপলিটন এলাকায় ৩০০০/- (তিন হাজার)/ঢাকা মেট্রোপলিটন এলাকায় ৫০০০/- (পাঁচ হাজার) টাকার বেশি হবে না।

১০. ভর্তির ফরম এবং ভর্তির ফি বাবদ সরকার কর্তৃক নির্ধারিত অর্থের চেয়ে অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না, করলে সরকার এমপিও বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

১১. আবেদন ফরম জমাদানের সময় শেষ হওয়ার সাথে সাথে বিদ্যালয় কর্তৃক শ্রেণি ভিত্তিক বিক্রয় ও জমাকৃত আবেদন ফরমের সংখ্যা নির্ধারিত ছকে কমিটির নিকট প্রেরণ করতে হবে।

১২. **প্রশ্নপত্র প্রণয়ন :** ভর্তি কমিটি যথাসময়ে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করবেন। প্রশ্নপত্র অবশ্যই মানসম্মত ও শ্রেণি উপযোগী হতে হবে।

১৩. **পরীক্ষা গ্রহণ :** পরীক্ষার হলে সুষ্ঠু আসন বিন্যাস ও পর্যাপ্ত আলোবাতাসের ব্যবস্থা করতে হবে। শান্তিপূর্ণভাবে পরীক্ষা গ্রহণের নিমিত্তে কমিটি/প্রধান শিক্ষক পরীক্ষা কেন্দ্রের পার্শ্ববর্তী এলাকায় যানজট নিরসনসহ আইন-শৃংখলা ব্যবস্থা নিয়ন্ত্রণের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিশেষ সহায়তা নিতে পারেন। পরীক্ষা কমিটি পরীক্ষা শুরুর পূর্বে সরেজমিনে পরীক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শন করবে। যথাসম্ভব সাপ্তাহিক ছুটির দিনে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে। সম্ভব হলে একই দিনে পরীক্ষা গ্রহণ করতে হবে।

১৪. যে সকল স্কুলে ৬ষ্ঠ শ্রেণী থেকে এন্ট্রি ক্লাস শুরু সে সকল স্কুলে ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণির মোট আসনের ১০% কোটা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও বেসরকারি রেজিস্টার্ড বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

১৫. শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা এবং কর্মচারীদের সন্তানদের ভর্তির ক্ষেত্রে শুধুমাত্র ঢাকা মেট্রোপলিটন এলাকায় অবস্থিত বেসরকারি বিদ্যালয়ে ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ২% কোটা সংরক্ষিত থাকবে। এ কোটা শুধু কর্মকর্তা এবং কর্মচারীদের সন্তানদের জন্য প্রযোজ্য হবে। পোষ্য বা নির্ভরশীলদের জন্য প্রযোজ্য হবে না।

১৬. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ভর্তির জন্য ৫% কোটা সংরক্ষিত থাকবে।

১৭. প্রতিবন্ধি শিক্ষার্থীদের শিক্ষার মূল ধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ভর্তির ক্ষেত্রে ২% কোটা সংরক্ষিত থাকবে। তবে এ ক্ষেত্রে প্রতিবন্ধিতার প্রমাণ স্বরূপ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন দাখিল করতে হবে।

১৮. কোন স্কুলে যদি সহোদর/যমজ ভাই/বোন থাকে তবে আসন শূন্য সাপেক্ষে তাদের ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।

১৯. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মচারীদের এবং ম্যানেজিং কমিটির সদস্যদের সন্তানদের (যদি থাকে) তাদের ভর্তির ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ভর্তির সুযোগ থাকবে। তবে পোষ্য বা আত্মীয়-স্বজন বা ম্যানেজিং কমিটির জন্য কোন কোটা সংরক্ষিত থাকবে না।

২০. কোটা অনুযায়ী ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীদের ভর্তির ন্যূনতম যোগ্যতা থাকতে হবে।



ঋ

২১. শিক্ষা বোর্ডের আওতাধীন রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় নির্বাচিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা বোর্ডকে অবহিত করবে। এ ক্ষেত্রে শিক্ষা বোর্ড নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্যাদি হালনাগাদ করবে।

২২. ভর্তি পরীক্ষার জন্য ব্যয় নির্বাহ :

(ক) ভর্তির আবেদন ফি বাবদ বিদ্যালয় প্রাপ্ত অর্থের ৫০% অর্থ দিয়ে বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- বিজ্ঞপ্তি প্রচার, আবেদন ফরম প্রস্তুত ও উত্তরপত্র মুদ্রণ, যাতায়াত, ফরম বিতরণ, আসন বিন্যাস, পরীক্ষা গ্রহণ, আপ্যায়নসহ বিদ্যালয়ে কর্মরত সকলের সম্মানী/পারিশ্রমিক ও বিবিধ খরচের জন্য ব্যয় নির্বাহ করা যাবে।

(খ) অবশিষ্ট ৫০% অর্থ ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে। এ অর্থ থেকে কমিটি ভর্তি সংক্রান্ত সভার খরচ, প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন ও মুদ্রণ, প্রশ্নপত্র ভেন্যুতে প্রেরণ, কোড নম্বর প্রদান, উত্তরপত্র মূল্যায়নের সম্মানী ও আপ্যায়ন, ডিকোডিংসহ ফলাফল তৈরি, যাতায়াত, আপ্যায়ন, কমিটির সদস্য ও সংশ্লিষ্ট সকলের সম্মানী/পারিশ্রমিক ও বিবিধ খরচের জন্য ব্যয় নির্বাহ করা যাবে।

২৩. **ভর্তি তদারকি ও পরিবীক্ষণ কমিটি** : নিম্নমাধ্যমিক/মাধ্যমিক/মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হচ্ছে কিনা তা তদারকি ও পরিবীক্ষণের জন্য নিম্নোক্ত কমিটিসমূহ গঠন করা হলোঃ

ক) ঢাকা মহানগরী ভর্তি তদারকি ও পরিবীক্ষণ কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | আহ্বায়ক |
| ২. | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৩. | পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৪. | শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৫. | জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি | সদস্য |
| ৬. | উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা | সদস্য |
| ৭. | জেলা শিক্ষা অফিসার, ঢাকা | সদস্য |

গ) জেলা পর্যায়ে ভর্তি তদারকি ও পরিবীক্ষণ কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক (সংশ্লিষ্ট জেলা) | আহ্বায়ক |
| ২. | জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট জেলা) | সদস্য |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট জেলা সদর) | সদস্য |
| ৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট জেলা সদর) | সদস্য |

ঘ) উপজেলা পর্যায়ে ভর্তি তদারকি ও পরিবীক্ষণ কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | আহ্বায়ক |
| ২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |

স্বাক্ষরিত/-
তারিখঃ ১৪/১২/২০১১
(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
সচিব

** ন্যূনতম যোগ্যতা বলতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভর্তি পরীক্ষায় পাশ মার্ক থাকতে হবে।

নং-শিম/শাঃ১১/৮-৫৯(ভর্তি নীতিমালা)/২০১১/৫৭৮

তারিখ ঃ ৩০ অগ্রহায়ণ ১৪১৮ / ১৪ ডিসেম্বর ২০১১

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ</u>

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৫. মহাপরিচালক, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মিরপুর, ঢাকা
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৭. যুগ্ম-সচিব (কলেজ/মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কারিগরি ও মাদরাসা/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. যুগ্ম-প্রধান, পরিকল্পনা কোষ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
১০. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), নায়েম ভবন, ধানমন্ডি, ঢাকা
১১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/ দিনাজপুর
১২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
১৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
১৪. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
১৫. বিভাগীয় কমিশনার (সকল) ..............................
১৬. জেলা প্রশাসক (সকল) ..............................
১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..................
১৯. সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২০. সিস্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২১. জেলা শিক্ষা অফিসার (সকল) ..............................
২২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)...........
২৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)..................
২৪. প্রধান শিক্ষক/অধ্যক্ষ ..............................




১৪/১২/২০১১
(আয়েশা আক্তার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫০৩৪১